



## WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours Part-III Examination, 2016

বাংলা - সামানিক

অষ্টম পত্র

সময় : ৪ ঘণ্টা

পূর্ণমান : ১০০

প্রাচীক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণ সংখ্যা নির্দেশ করে।  
পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবেন।  
প্রশ্নে একাধিক অংশ থাকিলে প্রত্যেক অংশ পৃথক অনুচ্ছেদে লিখিতে হইবে।

১. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও:

$15 \times 1 = 15$

- (ক) 'সংস্কৃত নাট্যসাহিত্যে ভবভূতির অবদান আলোচনা করো।  
(খ)  শুন্দরের 'মৃচ্ছকটিক' একটি ব্যক্তিগতি ও অনন্য রচনা -বিষয়টি বিশদ  
পর্যালোচনা করো।  
(গ) কালিদাস রচিত মহাকাব্য ও খণ্ডকাব্যগুলি কী কী? তাঁর কাব্য-প্রতিভাব  
বৈশিষ্ট্য নির্দেশ করো।

৫+১০

২. যে- কোনো একটি বিষয়ে সংক্ষেপে আলোচনা করো:

৫

- (অ) মালবিকাপ্রিমিত্র  
(ই) গীতগোবিন্দম्  
(উ) রঘুবংশম্।
- (আ) মহাবীরচরিত  
(ঈ) কাদম্বরী

৩. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও:  $15 \times 1 = 15$

- (ক) শেক্সপিয়ারের ট্র্যাজেডি নাটকগুলির নাম লেখো। তাঁর তিনটি ট্র্যাজেডি নাটকের বিস্তৃত আলোচনা করো।
- (খ) ইংরেজ নাট্যসাহিত্যে জর্জ বার্নার্ড শ'-এর নাট্যকৃতি বিশ্লেষণ করো।
- (গ) রোমান্টিক কাব্য- আন্দোলনের ধারায় জন কিটসের গুরুত্ব উল্লেখ করে তাঁর ‘ওড়’-জাতীয় কবিতাগুলি আলোচনা করো।

৪. যে-কোনো একটি বিষয়ে সংক্ষেপে আলোচনা করো:  $5 \times 1 = 5$

- (অ) মাচেন্ট অফ ভেনিস (আ) অ্যারিওপ্যাজিটিকা (ই) অলিভার টুইস্ট
- (ঈ) টিনটার্ন আবে (উ) আর্মস এ্যাণ্ড দ্য ম্যান।

৫. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও:  $15 \times 1 = 15$

- (ক) হিন্দি সাহিত্যে মুলি প্রেমচন্দ একজন সমাজসচেতন ও প্রতিবাদী লেখক-বিষয়টি পর্যালোচনা করো।
- (খ) অনগ্রসর পল্লীভারতের প্রেক্ষাপটে ফণীশ্বরনাথ রেণুর উপন্যাসগুলির বিশদ আলোচনা করো।
- (গ) মহাদেবী বর্মাৰ রোমান্টিক কবি-দৃষ্টির আলোকে তাঁর কাব্যগুলির পরিচয় দাও।

৬. যে-কোনো দুটি বিষয়ে সংক্ষেপে আলোচনা করো:  $5 \times 2 = 10$

- (অ) প্রেম-তরঙ্গ (আ) কর্মভূমি (ই) পল্টুবাবু রোড (ঈ) কুকুরমুভা
- (উ) পরতী পরিকথা (উ) যামা।

৭. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও:  $15 \times 1 = 15$

- (ক) ‘শ্রেষ্ঠ কাব্য নিজের বাচ্যার্থে পরিসমাপ্ত না হয়ে বিষয়ান্তরের ব্যঞ্জনা করে। এই ব্যঞ্জনাই ধ্বনি।’ – আলোচনা করো।
- (খ) ‘রীতিরাঙ্গা কাব্যস্য’ – এই মন্তব্যটির ব্যাখ্যা করো এবং কাব্যের আঙ্গা বিচারে রীতির গ্রহণযোগ্যতা কতখানি তা বিচার করো।
- (গ) “দরদীলোকের সুকাব্যজনিত চিন্তের অনুভূতিবিশেষের নামই ‘রস’ – সুতরাং বলা যেতে পারে কাব্যরসের আধার কাব্যও নয়, কবিও নয়, সহাদয় কাব্য-পাঠকের মন” – ‘রস’ প্রবন্ধটি অবলম্বন করে বক্তব্যটি ব্যাখ্যা করো।

৮. যে-কোনো একটি বিষয়ে সংক্ষিপ্ত আলোচনা করো:

$5 \times 1 = 5$

(ক) স্থায়িভাব

- (খ) কাব্যে সঞ্চারীভাবের স্বতন্ত্র রসমূর্তি নেই  
(গ) সহদয় হৃদয়সংবাদী।

৯. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও:

$15 \times 1 = 15$

(ক) ‘হৃদয়ের জগৎ আপনাকে ব্যক্ত করিবার জন্য ব্যাকুল। তাই চিরকালই মানুষের  
মধ্যে সাহিত্যের আবেগ।’ – রবীন্দ্র-বক্তব্যের তৎপর্য বিশ্লেষণ করো।

(খ) ‘জগতের উপর মনের কারখানা বসিয়াছে এবং মনের উপর বিশ্বমনের  
কারখানা – সেই উপরতলা হইতে সাহিত্যের উৎপত্তি’ – এই দুই কারখানার  
উৎপাদন-সম্পর্কটি বিশ্লেষণ করো।

(গ) ‘সৌন্দর্য সৃষ্টি করাও অসংযত কল্পনাবৃত্তির কর্ম নহে। সমস্ত ঘরে আগুন  
লাগাইয়া দিয়া কেহ সন্ধ্যাপ্রদীপ জ্বালায় না’ – ‘সৌন্দর্য বোধ’ প্রবন্ধটি অনুসরণ  
করে, সংযমের সঙ্গে সৌন্দর্যের সম্পর্ক নির্ণয়ে রবীন্দ্র-বক্তব্যের যথার্থ  
কথাখানি, আলোচনা করো।